

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
(পার-৪ অধিশাখা)  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৬.০০২.১৭

তারিখ: .০৪.২০১৭ খ্রি:

বিষয়: সকল মেডিকেল কলেজের পদ সৃজনের অনিষ্ট সভার কার্যবিবরণী:

|            |  |
|------------|--|
| সভার তারিখ | : ০৪.০৪.২০১৭ খ্রি:   |
| সভার সময়  | : বিকাল ৩:০০ টায়।   |
| সভার স্থান | : কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।                    |
| সভাপতি     | : ফয়েজ আহমেদ<br>অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক' সংযুক্ত।

**আলোচনা:** সভাপতি উপস্থিত সকলের সাথে পরিচিত হয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির নির্দেশনামতে প্রথমে পদ সৃজনের কার্যক্রমের সাথে সম্পৃক্ত রোকেয়া বেগম, উপ সচিব, পার-৪ অধিশাখা উপস্থিত কর্মকর্তাগণকে তার মোবাইল নম্বর ও টেলিফোন নম্বর অবহিত করেন। সভায় বিশেষ আমন্ত্রণে বদরুন মেছা, অতিরিক্ত সচিব স্বাস্থ্য শিক্ষা বিভাগ উপস্থিত ছিলেন। সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, গত ২২.০৩.২০১৭ তারিখে এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের সহযোগিতায় “মেডিকেল কলেজ হাসপাতাল ব্যবস্থাপনা, জনবাস্তব স্বাস্থ্য সেবা ও উন্নয়ন” বিষয়ক সোস্যাল মিডিয়া সংলাপ অনুষ্ঠিত হয়। উক্ত সংলাপে প্রধানমন্ত্রীর মুখ্য সম্বয়ক (এসডিজি) মহোদয় আগামী এপ্রিল মাসে জনবল সংক্রান্ত বিষয়ে সোস্যাল মিডিয়া সংলাপ অনুষ্ঠানের অভিপ্রায় ব্যক্ত করেছেন। এরই প্রস্তুতি হিসেবে মেডিকেল কলেজের জনবলের পদ সৃজন সংক্রান্ত হালনাগাদ তথ্য ও এ সংক্রান্ত অনিষ্ট বিষয়সমূহ আলোচনা এবং অনিষ্ট তথ্যাদির অগ্রগতি প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত অদ্যকার সভার আহ্বান করা হয়েছে। সভায় মেডিকেল কলেজের পদ সৃজনের অনিষ্ট বিষয়ের উপর একটি তালিকা উপস্থাপন করা হয়। সভাপতির অনুমোদনক্রমে মো: আনোয়ার হোসেন, যুগ্ম সচিব (পার) অদ্যকার সভার আলোচ্য বিষয়ের ক্রমানুসারে উপস্থাপন করেন। উপস্থাপিত অনিষ্ট বিষয়ে আলোচনা, অগ্রগতি ও সিদ্ধান্তের বিষয়ে একটি প্রতিবেদন সংলাগ-'ক' তে রক্ষিত।

২। উপস্থাপিত অনিষ্ট বিষয়ের উপর উম্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় প্রতাশি প্রতিষ্ঠান হতে পদ সৃজনের প্রস্তাব প্রেরণের সময় সচিবালয় নির্দেশমালা অনুযায়ী পত্রের উপরে ওয়েবের সাইড নম্বর এবং পত্রের নিচে কর্মকর্তার নাম টাইপ করে প্রেরণসহ মোবাইল/ফোন নম্বর এবং মেইল নং দেওয়ার বিষয়ে গুরুত আরোপ করেন। রোকেয়া বেগম, উপ সচিব (পার-৪) জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ২৩.১২.২০০৮ তারিখের ২৮৪ নং স্মারক মূলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়স্থির ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে ১০, ২০, ৩১, ৫০, ১০০, ১৫০, ২০০, ২৫০ ও ৫০০ শয্যাবিশিষ্ট হাসপাতালের জন্য জনবলের ষ্ট্যান্ডার্ড সেট আপ প্রণয়ন পূর্বেক জারী করা হয়েছে। কিন্তু মেডিকেল কলেজ এর জন্য কোন ষ্ট্যান্ডার্ড সেট আপ না থাকায় পদ সৃজনে বিভিন্ন রকমের অস্বীকৃতি সৃষ্টি হচ্ছে। কারণ দেশের বিদ্যমান মেডিকেল কলেজ এর পদের মধ্যে কোন সামঞ্জস্যতা নেই। তদুপরি প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ০৯.০৬.২০১৫ তারিখের সভায় মেডিকেল কলেজ এর ষ্ট্যান্ডার্ড সেট আপ প্রণয়নে নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, ষ্ট্যান্ডার্ড সেট আপ অনুমোদনসহ জারীর প্রয়োজনীয় ব্যবস্থা নিবে জনপ্রশাসন মন্ত্রণালয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের পূর্বে প্রস্তাবিত ষ্ট্যান্ডার্ড সেট আপ প্রনয়নের বিষয়ে ১১.০২.২০১৬ তারিখে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিতে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে ওয়ার্কসপ অয়োজন করে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য ১৬.০৩.২০১৭ তারিখে পুনরায় এইচ আর এম ইউনিটকে অনুরোধ করা হয়েছে।

৩। এইচআরএম ইউনিটের প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না থাকায় স্বাস্থ্য শিক্ষা অপারেশন প্ল্যান হতে ব্যয় ভার মিটিয়ে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষ ডাঃ মো: ইসমাইল খান জানান সাধারণত Student Capacity, Patient Capacity, Subject Speciality নির্ভর করে বিএমডিসির নীতিমালা অনুসরন করে সেট আপ নির্ধারণ করা উচিত। সভায় অভিমত ব্যক্ত করা হয় ষ্ট্যান্ডার্ড সেট আপ থাকলে পদ সৃজনের জটিলতাসমূহ কমে আসবে।



৪। তাছাড়া, উপস্থিতি কর্মকর্তাগণ বিভিন্ন বিষয় ডিভিক সহকারী অধ্যাপকের পদ সূজন না করে শুধু মাত্র সহকারী অধ্যাপকের পদ সূজনের পক্ষে মতামত দেন। চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ সেলিম মো: জাহাঙ্গীর মেডিকেল কলেজ হাসপাতালগুলিতে প্রশাসনিক কাঠামো নির্ধারণের জন্য এবং সে অনুযায়ী জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। অধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ, মো: মহসিন উজ্জ জামান চৌধুরী জানান যে, একই সময়ে প্রতিষ্ঠিত খুলনা, শহীদ জিয়াউর রহমান, ফরিদপুর, দিনাজপুর এর তুলনায় তার কলেজে ছাত্রীর আসন সংখ্যা কম। বিদ্যমান সুযোগ সুবিধার মধ্যে আরো ছাত্রী ভর্তি করা যেতে পারে বলে তিনি জানান।

৫। বিস্তারিত আলোচনা শেষে নিয়ন্ত্রিত সিদ্ধান্ত গ্রহীত হয়:

- ক) মেডিকেল কলেজের জন্য স্ট্যান্ডার্ড সেট আপ করার লক্ষ্যে অতিরিক্ত সচিব (চিশি), মহাপরিচালক/পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এবং তিন জন অধ্যাপকসহ সংশ্লিষ্ট অন্যান্যদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা যেতে পারে। উক্ত কমিটি মেডিকেল কলেজের জন্য স্ট্যান্ডার্ড সেট আপের একটি ধারনাপত্র (Concept paper) তৈরী করার ব্যবস্থা গ্রহণ করবে।  
 বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (চিশি), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।  
 খ) কুমিল্লা মেডিকেল কলেজে আরো ছাত্রীর আসন বৃক্ষের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা গ্রহণ করা যেতে পারে।  
 বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (চিশি), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

৬। সভায় আর কোন অলোচ্য বিষয় না থাকায় উপস্থিতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-

২৫.০৪.২০১৭

(ফয়েজ আহমদ)

সভাপতি

ও

অতিরিক্ত সচিব (প্রশাসন)  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০.১৪৫.১৬.০০২.১৭- ২২৩/১(৩)

তারিখ: ২৫.০৪.২০১৭ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (চিশি), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
 ২। প্রধানমন্ত্রীর মুখ্য সম্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।  
 ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
 ৪। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
 ৫। পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
 ৬। অধ্যক্ষ (সকল), .....  
 ৭। সিলেক্টেড এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁকে পদ সূজনের অনিষ্পন্ন বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।  
 ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

*Rony*  
২৫.০৪.১৭  
(রোকেয়া বেগম)  
উপ সচিব  
ফোন-৯৮৪৫১৩৪